

“আত্মকর্মী যুব শক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩২.১৫.- ৪৭৮


তারিখঃ ২৬/১০/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ ঋণ কার্যক্রমের মাসিক প্রতিবেদনে চিহ্নিত অসংগতির সংগতি সাধন প্রসংগে।  
সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.২৯.০০২.১৭- ৪৯ তারিখঃ ০৮/০২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থবছরে নীলফামারী জেলায় অনুষ্ঠিত “ক্ষুদ্রঋণ ও আত্মকর্মসংস্থান কার্যক্রম মূল্যায়ন এবং বাস্তবায়ন” শীর্ষক বিভাগীয় কর্মশালায় অংশগ্রহণকারী উপজেলাসমূহের ডিসেম্বর/১৬ মাসের ঋণ প্রতিবেদন বিশ্লেষণ করে প্রতিবেদনে বিরাজিত অসংগতিসমূহ চিহ্নিত করে সেসবের সংগতি সাধনের লক্ষ্যে সূত্রস্থ পত্রের মাধ্যমে নির্দেশনা দেয়া হয়েছিল এবং কর্মশালায় সংশ্লিষ্ট উপজেলার ঋণ প্রতিবেদনের অসংগতি বিষয়ে আলোচনা হয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে এ কাজে অধিকতর সম্পৃক্ত হতে পরামর্শ প্রদানসহ ঋণের প্রতিবেদনের অসংগতির সংগতি সাধন করতে পরামর্শ দেয়া হয়। পরবর্তীতে আগস্ট/১৭ মাসের ঋণের মাসিক প্রতিবেদন বিশ্লেষণ করে পঞ্চগড় জেলাধীন উপজেলাসমূহের চিহ্নিত অসংগতির সংগতি সাধনের অগ্রগতির তথ্যচিত্র নিম্নের ছকে বর্ণনা করা হলোঃ

নং	উপজেলার নাম	ডিসেম্বর/১৬ মাসের ঋণ প্রতিবেদনে চিহ্নিত অসংগতি	আগস্ট/১৭ মাসের প্রতিবেদনে চিহ্নিত অসংগতির বর্তমান অবস্থা	কর্মশালায় চিহ্নিত অসংগতির সংখ্যা	আগস্ট/১৭ মাসের প্রতিবেদনে সংশোধনের সংখ্যা
০১.	দেবীগঞ্জ	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ৪নং (ক) কলামে আদায়যোগ্য হয়নি আসল ৯৬৩৬/- বেশি দেখানো হয়েছে।	এখনও আদায়যোগ্য হয়নি আসল ৯৬৩৬/- বেশি দেখানো হচ্ছে।	২টি	
		খ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ১৬, ১৭ ও ১৮ নং কলামের ঘর পূরণ করা হয়নি।	এখনও মূল্যায়ন প্রতিবেদনে ১৬, ১৭ ও ১৮ নং কলামের ঘর পূরণ করা হয়নি।		
০২.	সদর	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে আদায়যোগ্য হয়নি আসল নির্ধারণ সঠিক হয়নি।	সংশোধন হয়েছে	১টি	১টি

০২। বর্ণিত অবস্থায়, দেবীগঞ্জ উপজেলার মাসিক প্রতিবেদনে কর্মশালা পরবর্তী মাসে এখনও কেন অসংগতি বিদ্যমান রয়েছে তার কারণ আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জানাতে বলা হলো। একইসঙ্গে উপরোক্ত উপজেলার চিহ্নিত অসংগতি আগামী ১২/১১/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে সংশোধন করে সংশ্লিষ্ট মাসের (অক্টোবর/১৭) ঋণের প্রতিবেদনে প্রতিফলন ঘটিয়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে অনুরোধ করা হলো।

  
(মোঃ শাহীনুর রহমান)  
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)  
ফোনঃ ৯৫২৫০১৯  
Email-addydp@gmail.com


উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
.....।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩২.১৫.- ৪৭৮

তারিখঃ ২৬/১০/২০১৭খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পঞ্চগড় জেলাকে সংশ্লিষ্ট উপজেলা থেকে যথাসময়ে পাক্ষিক প্রতিবেদন সংগ্রহ করতঃ তাঁর মন্তব্যসহ অগ্রায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

  
(মোঃ শাহীনুর রহমান)  
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)